Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# আলোকিত বাংলাদেশ




## সামাজিক সুরক্ষাবিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণ

● আলোকিত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের উদ্যোগে 'ঝড়পরধষ চৎড়ঃবপঃরড়হ রিঃয ধ ঋড়পঁং ড়হ ঝড়পরধষ ওহংঁৎধহপব' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান গতকাল শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জার্মান কারিগরি সহায়তা সংস্থা 'জিআইজেড'-এর সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. মো. মহিউদ্দিন এবং শ্রম ও কর্মসংসংস্থান মন্ত্রণালয়ের সচিব এএইচএম সফিকুজ্জামান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শারমিন মবিন ভূঁইয়া। ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হামিদ প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় তুলে ধরেন। অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ দেশের জনসম্পদকে মানবসম্পদে পরিণত করার উপর গুরুত্বারোপ করে বলেন, এ লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীসহ সব শ্রেণি-পেশার মানুষকে সামাজিক সুরক্ষা বলয়ের আওতায় আনতে হবে। সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারি সংস্থা ও বীমা প্রতিষ্ঠানকে এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করতে হবে। সব পর্যায় ও খাতের সামাজিক সুরক্ষা কর্মসূচির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উপর তিনি গুরুত্বারোপ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সব বিভাজন ও ভেদাভেদ ভুলে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য শিক্ষাবিদ, গবেষক, সরকারি কর্মকর্তা, এনজিও কর্মীসহ সব পেশাজীবীর প্রতি আহ্বান জানান। বাংলাদেশকে সামনে এগিয়ে নিতে সব সেক্টরের মধ্যে সুদৃঢ় সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, পারস্পরিক সহযোগিতার মাধ্যমেই মানবকল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। পেশাজীবীদের নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন। প্রসঙ্গত, বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যমসারির কর্মকর্তারা এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

## ভোরের কাগজ



ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচির সনদপত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ক্রেস্ট উপহার দেয়া হয়। বিজ্ঞপ্তি

## জনকণ্ঠ

# ঢাবিতে সামাজিক সুরক্ষা বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার সনদ প্রদান

জনকণ্ঠ ডেস্ক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের উদ্যোগে 'Social Protection with a Focus on Social Insurance' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জার্মান কারিগরি সহায়তা সংস্থা 'জিআইজেড'- এর সহযোগিতায় প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. মো. মহিউদ্দিন এবং শ্রম ও কর্মসংসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম সফিকুজ্জামান অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শারমিন মবিন ভূঁইয়া। ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হামিদ প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় তুলে ধরেন।

ড. সালেহ উদ্দিন আহমেদ দেশের জনসম্পদকে মানবসম্পদে পরিণত করার ওপর গুরুত্বারোপ করে বলেন, এ লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীসহ সকল শ্রেণি-পেশার মানুষকে সামাজিক সুরক্ষা বলয়ের আওতায় আনতে হবে।

সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারি সংস্থা ও বীমা প্রতিষ্ঠানকে এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করতে হবে। সকল পর্যায়ে সামাজিক সুরক্ষা কর্মসূচির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর তিনি গুরুত্বারোপ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সকল বিভাজন ও ভেদাভেদ ভুলে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করতে শিক্ষাবিদ, গবেষক, সরকারি কর্মকর্তা, এনজিওকর্মীসহ সকল পেশাজীবীর প্রতি আহ্বান জানান।

বাংলাদেশকে সামনে এগিয়ে নিতে সকল সেক্টরের মধ্যে সুদৃঢ় সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, পারস্পরিক সহযোগিতার মাধ্যমেই মানবকল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। পেশাজীবীদের নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন।

বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যম সারির কর্মকর্তারা এ প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

# বর্তমান




ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের উদ্যোগে প্রশিক্ষণ কর্মসূচির সনদপত্র বিতরণী অনুষ্ঠান শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

## ঢাবিতে সামাজিক সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের উদ্যোগে 'Social Protection with a Focus on Social Insurance' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণী অনুষ্ঠান শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জার্মান কারিগরি সহায়তা সংস্থা 'জিআইজেড'-এর সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. মো. মহিউদ্দিন এবং শ্রম ও কর্মসংসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ. এইচ. এম. সফিকুজ্জামান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

### ঢাবিতে সামাজিক সুরক্ষা

অধ্যাপক ড. শারমিন মবিন ভূঁইয়া। ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হামিদ প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় তুলে ধরেন।

অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ দেশের জনসম্পদকে মানবসম্পদে পরিণত করার উপর গুরুত্বারোপ করে বলেন, এ লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীসহ সকল শ্রেণি-পেশার মানুষকে সামাজিক সুরক্ষা বলয়ের আওতায় আনতে হবে। সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারি সংস্থা ও বীমা প্রতিষ্ঠানকে এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করতে হবে। সকল পর্যায় ও খাতের সামাজিক সুরক্ষা কর্মসূচির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সকল বিভাজন ও ভেদাভেদ ভুলে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য শিক্ষাবিদ, গবেষক, সরকারি কর্মকর্তা, এনজিওকর্মীসহ সকল পেশাজীবীর প্রতি আহ্বান জানান। বাংলাদেশকে সামনে এগিয়ে নিতে সকল সেক্টরের মধ্যে সুদৃঢ় সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন পারস্পরিক সহযোগিতার মাধ্যমেই মানবকল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। পেশাজীবীদের নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এধরনের প্রশিক্ষণ কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন। প্রসঙ্গত, বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যমসারির কর্মকর্তাগণ এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

# আলোকিত বাংলাদেশ



## ঢাবি উপাচার্যের সঙ্গে স্পেনের ইন্ডিটেক্স চেয়ারের সাক্ষাৎ

● আলোকিত ডেস্ক

স্প্যানিশ ল্যাংগুয়েজ এন্ড কালচার বিষয়ক ইন্ডিটেক্স চেয়ার অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মস্কেরা গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এ সময় স্পেনের ভিজিটিং প্রফেসর মারিয়া আম্পারো পোর্টা রিভাস এবং প্রফেসর মারিয়া জোসেফা মার্টিনেজ লোপেজ তার সঙ্গে ছিলেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরো জোরদার করার বিষয়ে আগ্রহ প্রকাশের জন্য স্পেনের ইন্ডিটেক্স চেয়ারকে ধন্যবাদ জানান।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Bangladesh Today



A pre-Christmas celebration was held at Jagannath Hall Auditorium on Saturday, under the initiative of the Dhaka University Christian Students Organization. Photo : Courtesy

## কালবেলা

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রি-ক্রিসমাস উদযাপন


**ঢাবি প্রতিনিধি ▸▸**

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) খ্রিষ্টান স্টুডেন্টস অর্গানাইজেশনের উদ্যোগে প্রি-ক্রিসমাস উদযাপন করা হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে কেক কেটে এ উপলক্ষে আয়োজিত বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় খ্রিষ্টান স্টুডেন্টস অর্গানাইজেশনের সভাপতি স্বচ্ছ চিসিমের সভাপতিত্বে অনুষ্ঠানে ছিলেন জগন্নাথ হলের প্রাধ্যক্ষ দেবাশীষ পাল, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফাদার তপন কামিলুস ডি রোজারিও এবং নৃত্যকলা বিভাগের সহকারী অধ্যাপক এগনেস র‌্যাচেল প্যারিস। সংগঠনের সাধারণ সম্পাদক জয়ন্ত ত্রিপুরা অনুষ্ঠান সঞ্চালন করেন।

## বর্তমান

ঢাকা, ০৮ ডিসেম্বর ২০২৪, ২৩ অগ্রহায়ণ ১৪৩১



ঢাকা বিশ্ববিদ্যালয় খ্রিষ্টান স্টুডেন্টস্ অর্গানাইজেশন-এর উদ্যোগে শনিবার জগন্নাথ হল মিলনায়তনে প্রি-ক্রিসমাস উদ্‌যাপন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে কেক কেটে এ উপলক্ষে আয়োজিত বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় খ্রিষ্টান স্টুডেন্টস্ অর্গানাইজেশন-এর সভাপতি স্বচ্ছ চিসিমের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জগন্নাথ হলের প্রাধ্যক্ষ দেবাশীষ পাল, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফাদার তপন কামিলুস ডি' রোজারিও এবং নৃত্যকলা বিভাগের সহকারী অধ্যাপক এগনেস র‌্যাচেল প্যারিস বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সংগঠনের সাধারণ সম্পাদক জয়ন্ত ত্রিপুরা অনুষ্ঠান সঞ্চালন করেন
-বর্তমান

# কালবেলা



ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের ৫০ বছরপূর্তি উপলক্ষে বিভাগীয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে দুই দিনব্যাপী সেলস কার্নিভাল গত বৃহস্পতিবার বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে শেষ হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন। এ সময় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. মাহমুদ ওসমান ইমাম, বিভাগের চেয়ারম্যান ড. এবিএম শহিদুল ইসলামসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## বাংলাদেশ প্রতিদিন

### ঢাবিতে ডিজে গান বাজিয়ে নারী শিক্ষার্থীদের প্রতিবাদ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) টিএসসি এলাকায় অতিরিক্ত শব্দদূষণের ফলে রোকেয়া হল ও শামসুন্নাহার হলের শিক্ষার্থীরা বিভিন্ন সময় প্রতিবাদ জানিয়ে আসেন। এতে কোনো ফলাফল না পাওয়ায় বিশ্ববিদ্যালয়ের ভিসি বাংলোর সামনে উচ্চশব্দে ডিজে গান বাজিয়ে প্রতিবাদ জানিয়েছেন। গত রাত সাড়ে ৯টার দিকে তারা এই কর্মসূচি পালন করেন। সরেজমিনে দেখা যায়, শিক্ষার্থীরা ভারতীয় বাংলার ও বলিউডের বিভিন্ন গান উচ্চশব্দে চালু করেছেন। ছাত্রীদের এই প্রতিবাদে বিভিন্ন হলের ছাত্ররাও যুক্ত হয়েছেন।

## যুগান্তর

ঢাবির নারী শিক্ষার্থীদের অভিনব প্রতিবাদ

### সন্ধ্যা ৬টার পর ঢাবিতে মাইক বাজানো নিষিদ্ধ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) এলাকায় সন্ধ্যা ৬টার পর থেকে উচ্চস্বরে স্পিকার/মাইক/গাড়ির হর্ন বাজানো সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শনিবার উপাচার্যের বাসভবনের সামনে উচ্চশব্দে সাউন্ড বক্স বাজানোর প্রতিবাদের কারণে এমন ঘোষণা দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

রাত ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের দপ্তর থেকে জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সংশ্লিষ্ট সবার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের পড়াশোনার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সন্ধ্যা ৬টার পর টিএসসি, স্বোপার্জিত স্বাধীনতা চত্বর, হল ও আবাসিক এলাকায় স্পিকার/মাইক ব্যবহার করে কোনো অনুষ্ঠান করা যাবে না।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় মাইক ও সাউন্ড বক্সে উচ্চশব্দে বিভিন্ন সমাবেশ ও অনুষ্ঠান করা হয়। এতে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক সমস্যায় পড়তে হয়। তাছাড়া বাংলাদেশ কুয়েত-মৈত্রী হলের সামনে মাইকিং করে পণ্য বিক্রি করায় বিভিন্ন সমস্যায় পড়তে হয় নারী শিক্ষার্থীদের। এর প্রতিকার চেয়ে শিক্ষার্থীরা প্রশাসন ও উপাচার্য বরাবর বিভিন্ন সময় দাবি জানালেও কোনো প্রতিকার পাননি। তাই শনিবার রাতে তারা উপাচার্যের বাসভবনের সামনে উচ্চশব্দে সাউন্ড বক্স বাজিয়ে এই অভিনব প্রতিবাদের আয়োজন করেন। এ সময় তারা হলগুলোর সামনে জেব্রা ক্রসিং ও স্পিডব্রেকার স্থাপনের দাবি জানান।

## আজকের পত্রিকা

### ঢাবিতে উচ্চস্বরের শব্দ নিষিদ্ধ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) উচ্চস্বরে স্পিকার, মাইক ও গাড়ির হর্ন বাজানো সম্পূর্ণ নিষিদ্ধ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সেই সঙ্গে সন্ধ্যা ৬টার পর টিএসসি, স্বোপার্জিত স্বাধীনতা চত্বর, হল ও আবাসিক এলাকায় স্পিকার এবং মাইক ব্যবহার করে কোনো অনুষ্ঠান করা যাবে না। গতকাল রাত সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়।

■ ঢাবি প্রতিনিধি

## সমকাল

### সন্ধ্যার পর টিএসসি এলাকায় মাইক নিষিদ্ধ করল ঢাবি প্রশাসন

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় প্রতিদিন গভীর রাত পর্যন্ত মাইক ব্যবহার করে গান-বাজনার প্রতিবাদে উপাচার্য বাসভবনের সামনে সাউন্ডবক্স এনে গান বাজিয়ে অভিনব প্রতিবাদ জানিয়েছেন টিএসসি সংলগ্ন দুই ছাত্রী হলের শিক্ষার্থীরা। তাদের প্রতিবাদে সাড়া দিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সন্ধ্যা ৬টার পর থেকে টিএসসি এলাকায় মাইক ব্যবহার নিষিদ্ধ করেছে।

শনিবার রাত ১০টার দিকে রোকেয়া হল ও শামসুন নাহার হলের কতিপয় শিক্ষার্থী রিকশায় সাউন্ডবক্স নিয়ে উপাচার্যের বাসভবন চত্বরে উচ্চ শব্দে গান বাজাতে শুরু করেন। পরে তাদের সঙ্গে যোগ দেন বিভিন্ন হলের শিক্ষার্থীরা।

তাদের জানান, প্রতিনিয়ত টিএসসি ও আশপাশে গভীর রাত পর্যন্ত উচ্চ আওয়াজে নানা অনুষ্ঠান হয়। এতে পড়াশোনা, ঘুমে ব্যাঘাতসহ বিভিন্ন শারীরিক-মানসিক সমস্যায় ভোগেন পাশে থাকা দুটি ছাত্রী হলের শিক্ষার্থীরা। অনেকের মাথাব্যথাসহ অসুস্থ হওয়ার ঘটনাও ঘটে। বারবার নানাভাবে প্রশাসনকে জানিয়েও এ সমস্যার সমাধান হচ্ছে না। তাই তারা এমন প্রতিবাদে নেমেছেন।

**দুই হলের ছাত্রীদের অভিনব প্রতিবাদ**

এ ঘটনার পরিপ্রেক্ষিতে প্রক্টর অফিস থেকে দেওয়া বিজ্ঞপ্তিতে টিএসসি ও আবাসিক এলাকায় সন্ধ্যা ৬টার পর গানবাজনা নিষিদ্ধ করা হয়। এতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উচ্চ স্বরে স্পিকার, মাইক কিংবা গাড়ির হর্ন বাজানো সম্পূর্ণ নিষিদ্ধ। শিক্ষার্থীদের পড়াশোনার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সন্ধ্যা ৬টার পর টিএসসি, স্বোপার্জিত স্বাধীনতা চত্বর, হল ও আবাসিক এলাকায় স্পিকার বা মাইক ব্যবহার করে কোনো অনুষ্ঠান করা যাবে না।